

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৫৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে কেউ সালাম দিলে, মুখ দিয়ে উচ্চারণ না করে হাতের ইশারায় জবাব দেওয়া বৈধ

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنَّ يَرُدُّ السَّلَامَ ـ إِذَا سُلِّم عَلَيْهِ وَهُوَ يُصلِّي ـ بِالْإِشَارَةِ دُونَ النُّطْقِ باللسان

আরবী

2255 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ الرَّمَادِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ قَالَ: حَدَّثَنَا زَيْدُ بْنُ أَسْلَمَ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: دَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَسْجِدَ قَالَ: حَدَّلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَسْجِدَ قُبَاءٍ له فَدَخَلَ رِجَالٌ مِنَ الْأَنْصَارِ يُسَلِّمُونَ عَلَيْهِ بَنِي عَمْرِو بْنِ عَوْفٍ له يَعْنِي مَسْجِدَ قُبَاءٍ له فَدَخَلَ رِجَالٌ مِنَ الْأَنْصَارِ يُسَلِّمُونَ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ابْنُ عُمَرَ: فَسَأَلْتُ صَنُهَيْبًا له وَكَانَ مَعَهُ له: كَيْفَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْعَلُ إِذَا كَانَ يُسَلَّمُ عَلَيْهِ وَهُوَ يُصَلِّي؟ فَقَالَ: كان يشير بيده.

الراوي: ابْنُ عُمَرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2255 | خلاصة حكم المحدث: صحيح _ ((الصحيحة)) (318) , (صحيح أبي داود)) (860).

বাংলা

২২৫৫. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাভ্ আনভ্মা থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর নাবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম একবার মাসজিদে বানী আমর তথা কুবার মাসজিদে প্রবেশ করেন, তখন অনেক আনসার সাহাবী তাঁর কাছে প্রবেশ করেন, তাঁকে সালাম দেওয়ার জন্য। আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাভ্ আনভ্মা বলেন, "আমি সুহাইব রাদ্বিয়াল্লাভ্ আনভ্কে জিজ্ঞেস করলাম –তিনি সেই সময় রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলেন- "আচ্ছা, রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম সালাতরত অবস্থায় সালাম দিলে কিভাবে তার জবাব দিতেন?" তিনি জবাবে বলেন, "তিনি হাত দিয়ে ইশারা করে জবাব দিতেন।"[1]

ফুটনোট



[1] মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১১৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৭৪; হুমাইদী: ১৪৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৫৯৭; দারেমী: ১/৩১৬; নাসাঈ: ৩/৫; ইবনু মাজাহ: ১০১৭; তাবারানী: ৭২৯১; সুনান বাইহাকী: ২/২৫৯; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৮৮; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪৫৪; আবূ দাউদ: ৯২৭; তিরমিযী: ৩৬৮; ইবনুল জারূদ: ২১৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ৮৬০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন